প্রশ্নঃ ১১৪. ১.আমি হানাফি মাযহাবের অনুসারী, আমি যেখানে থাকি সেখানে আসপাশের সবাই লা মাজহাবি (আহলে হাদিস) এখন আমি ফরয নামাজের সময় তাদের পিছনে কি ইকতিদা করতে পারবো? জানামতে তাদের আকিদার সাথেওতো আমাদের অনেক তফাত। ২. এক মাজহাবের ইমামের পিছনে কি ভিন্ন মাজহাবের মুসল্লি ইকতিদা করতে পারবে?

ভিন্ন মাযহাবের ইমাম যদি আপনার মাজহাবের ফরজ গুলো আদায় করেন , তাহলে তার পেছনে ইকতেদা হবে। আহলে হাদিসরা সাধারণত হানাফিদের ফরজ গুলো আদায় করে থাকে সুতরাং তাদের পেছনে ইকতিদা করা বৈধ। (তবে কোন ইমাম যদি শব্দহীন বাতাস বের হলে ওযু ভাঙ্গে না বলে মনে করেন, সেই ইমামের পিছনে নামাজ পড়া যাবে না।)

ফাতাওয়ায়ে শামী ৪/২৪৮

আল বাহরুর রায়েক ৪/২২৮

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন: